

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-ত অধিশাখা
Website:www.mof.gov.bd

১৬/১১/১৪২৯ব.

তাঁ: -----

০১/০৩/২০২৩খি.

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-২৫

বিষয়ঃ দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিলকরণ।

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগের ১৪/০৭/২০২২খি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭ .১৫(অংশ-২)-৭৮ নং প্রজ্ঞাপনমূলে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা পুনঃনির্ধারণ করা হয়, যা ০১/১০/২০২২খি. তারিখ হতে কার্যকর হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে ০১/১০/২০২২খি. হতে ২৮/০২/২০২৩খি. পর্যন্ত বিভিন্ন সরকারি অফিসে iBAS++ এর মাধ্যমে অনলাইনে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিলের পাইলটিং কাজ সম্পন্ন হয়েছে বিধায় সকল সরকারি অফিসে iBAS++ এর মাধ্যমে অনলাইনে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিল করার নিম্নত নির্দেশক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হলোঃ-

- (১) ০১/০৩/২০২৩খি. তারিখ হতে সকল সরকারি অফিসে iBAS++ এর মাধ্যমে অনলাইনে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিল করতে হবে;
- (২) ভ্রমণের দূরত্ব অর্থ বিভাগের ওয়েবসাইট (www.mof.gov.bd) এবং iBAS++ এর ওয়েবসাইট (ibas.finance.gov.bd/ibas2)-এ প্রদত্ত দূরত্ব চার্ট (Distance Matrix) অনুসরণ করে নির্ধারণ করতে হবে;
- (৩) পরবর্তী সিদ্ধান্ত না দেয়া পর্যন্ত অনলাইনে বিল দাখিলের পাশাপাশি বিলের ০১ টি প্রিন্ট কপি স্বাক্ষর করে আনুসঞ্জিক কাগজপত্রসহ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করতে হবে; এবং
- (৪) বিমান ভ্রমণের প্রাথিকারপ্রাপ্ত কর্মচারীগণকে বিমানে ভ্রমণের প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে বোর্ডিং পাস আপলোড করতে হবে এবং বিলের প্রিন্ট কপির সাথে বোর্ডিং পাসের মূলকপি জমা প্রদান করতে হবে।

মোহাম্মদ মনিরুজ্জামান
০৩/০৩/২০২৬

(মোহাম্মদ মনিরুজ্জামান)

উপসচিব

ফোনঃ ২২৩৩৮১১৩১

E-mail: mmoniruzzaman@finance.gov.bd

১৬/১১/১৪২৯ব.

তাঁ: -----

০১/০৩/২০২৩খি.

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-২৫(১০০০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। কট্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

- ৮। জাতীয় কর্মসূচী পরিচালক, এসপিএফএমএস কর্মসূচী, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার (সকল)-----।
১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ-----।
১১। জেলা প্রশাসক (সকল)-----। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ
করা হ'ল)।
১২। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৫। অফিস কপি।

মোহাম্মদ
০২১০৩/২০২৬
মনিরুজ্জামান

উপসচিব

ফোনঃ ২২৩৩৮১১৩১